

## 130711 - উপর্যুপরি সগিরা গুনাতে লিপ্ত হলে সেটা সগিরা গুনাকে কবিরা গুনাতে পরিণত করে

### প্রশ্ন

ইসলামে গুনাহ দুই প্রকার। প্রথম প্রকার: কবিরা গুনাহ (গুরু পাপ)। অপর প্রকার: সগিরা গুনাহ (লঘু পাপ)। আমার প্রশ্ন হলো: হস্তমৈথুন ও পর্ণ মুভি দেখা কি কবিরা গুনাহ; নাকি সগিরা গুনাহ? জাহান্নামে এই গুনাহর শাস্তি কী?

### প্রিয় উত্তর

প্রত্যেক মুমিনের উপর কর্তব্য এ ধরণের ছবি ও মুভি দেখা থেকে দূরে থাকা; যেগুলো যৌন উত্তেজনাকে চাঙ্গা করে তোলে এবং হস্তমৈথুন ও ব্যভিচারের মত গুনার কাজের দিকে ধাবিত করে। যাতে করে এই দূরে থাকাটি হারাম কাজ থেকে সুরক্ষিত থাকার মাধ্যম হয়। নিঃসন্দেহে এগুলো দেখা এবং উপর্যুপরি দেখতে থাকা কবিরা গুনাহ; যেহেতু উপর্যুপরি কৃত গুনাহ সগিরা থাকে না। সুতরাং যে ব্যক্তি উপর্যুপরি এই ধরণের গুনাহতে লিপ্ত হবে সে কবিরা গুনাতে লিপ্ত হিসেবে গণ্য হবে। আর পক্ষান্তরে যে ব্যক্তি ঘটনাক্রমে বা অন্য কোন কারণে একবার দেখেছে সেটা সগিরা গুনাহ হিসেবে গণ্য হবে। অনুরূপভাবে হস্তমৈথুন যদি উত্তেজনাকে প্রশমিত করার জন্য কোন একবার ঘটে থাকে তাহলে আশা করি আল্লাহ্ তাকে মাফ করবেন। যেহেতু এটি সগিরা গুনাহ। কিন্তু উপর্যুপরি করতে থাকলে সেটিও কবিরা গুনাহ।

ফাযিলাতুশ শাইখ আব্দুল্লাহ্ বিন জিবরীন (রহঃ)।